



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ২২৯/১ জেল রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০২ ৯৯৭ ৭১০ ৮৮০ E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/হিপ্র/৯৬

তারিখ : ১২/০৭/২০২৩

ব্যাংক হিসাব চালু রাখা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি :


ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত পারিশ্রমিক বিল সংশ্লিষ্ট প্রাপকের নিজ নামের সোনালী ব্যাংকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। সেক্ষেত্রে প্রাপকের ব্যাংক হিসাবে ০৬ মাসের মধ্যে লেন-দেন করা না হলে স্বাভাবিকভাবে ব্যাংক হিসাব বন্ধ (Dorment/Inoperative) হয়ে যায়। ফলে পারিশ্রমিক বিল সংশ্লিষ্ট প্রাপকের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হয় না।

এমতাবস্থায়, ২০২২ সালের এইচএসসি পরীক্ষার কাজে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণকে জানানো যাচ্ছে যে, প্রাপকের নিজ নামের সোনালী ব্যাংকের ব্যাংক হিসাবে ০৬ মাসের মধ্যে লেন-দেন করা না হলে হিসাবটি স্বাভাবিকভাবে বন্ধ (Dorment/Inoperative) হয়ে যায়। যদি বন্ধ থাকে তবে সোনালী ব্যাংকের সাথে যোগাযোগ করে আগামী ১৮/০৭/২০২৩ তারিখের মধ্যে সচল করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট প্রাপকের পারিশ্রমিক বিল পরিশোধ করা সম্ভব হবে না।

তবে, শুধুমাত্র প্রধান পরীক্ষক কর্তৃক প্রদত্ত যাদের ব্যাংক হিসাব নম্বর ভুল বা পরিবর্তন বা সংশোধন করতে হবে তাঁদের ব্যাংক হিসাবটি চালু করে বিষয় কোড, প্রধান পরীক্ষক কোড, পরীক্ষক কোড ও সঠিক হিসাব নম্বর উল্লেখ করে ই-মেইল : s.rokibulislam@gmail.com ঠিকানায় ১৮/০৭/২০২৩ তারিখের মধ্যে মেইল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :

অত্র বোর্ডের আওতাধীন
এইচএসসি-২২ পরীক্ষার
সকল প্রধান পরীক্ষক,
পরীক্ষক ও নিরীক্ষকগণ


১২/০৭/২০২৩
(প্রফেসর কিরীট কুমার দত্ত)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০২৯৯৬৬৭০৩৩৮